

# আব্দু মানাফ, হাশেম ও আব্দুল মুত্তালিব

(عبد مناف، هاشم وعبد المطلب)

কুছাই-পুত্র আব্দু মানাফের প্রকৃত নাম ছিল

মুগীরাহ। তাঁর ৪টি পুত্র সন্তান ছিল : হাশেম, প্রকৃত

নাম আমর। আব্দু শাম্‌স, মুত্তালিব ও নওফাল।

হাশেম ও মুত্তালিবকে সৌন্দর্যের কারণে 'দুই

পূর্ণচন্দ্র' (الْبُرَّان) বলা হ'ত (ইবনুল আছীর)।

হাশেমের ৪ পুত্র ছিল : আব্দুল মুত্তালিব, আসাদ,

আবু ছায়ফী ও নাযলাহ। আব্দুল মুত্তালিবের ছিল

১০টি পুত্র ও ৬টি কন্যা। পুত্রগণের মধ্যে আববাস,

হামযাহ, আব্দুল্লাহ, আবু ত্বালিব, যুবায়ের, হারেছ,

হাজলা, মুফ্কাউভিম, যেরার ও আবু লাহাব।

কন্যাদের মধ্যে ছাফিয়া, বায়যা, আতেকাহ,  
উমাইমাহ, আরওয়া ও বারাহ'। ভাষ্যকার সুহায়লী  
বলেন, যুবায়ের ছিলেন রাসূল (ছাঃ)-এর বড় চাচা।  
তাঁর ছেলে আব্দুল্লাহ ছাহাবী ছিলেন। তাঁর সমর্থনেই  
নবুঅত লাভের ২০ বছর পূর্বে 'হিলফুল ফুযূল'  
প্রতিষ্ঠা লাভ করে' (ইবনু হিশাম ১/১০৬-০৮,  
১/১৩৩ টীকা-১)। তবে ইবনু ইসহাক বলেন, স্বপ্নে  
আদেশ প্রাপ্ত হয়ে যমযম কূপ খননের সময়  
আব্দুল মুত্তালিবের সাথে তাঁর পুত্র হারেছ ছিলেন।  
কারণ তিনি ব্যতীত তখন তাঁর অন্য কোন পুত্র  
সন্তান ছিল না' (ইবনু হিশাম ১/১৪৩)। এতে বুঝা

যায় যে, হারেছ-ই আব্দুল মুত্তালিবের প্রথম পুত্র  
ছিলেন।